

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-১(কমন সার্ভিস) শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নথি নং- ৪৩.০০.০০০০.১২৪.২৩.০০১.১৮ - ১১৪


২৪ মাঘ ১৪২৪

০৬-০২-২০১৮

## কোটেশন বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত একুশে পদক ২০১৮ প্রদান উপলক্ষ্যে একুশে পদকপ্রাপ্ত সুধীবৃন্দকে অনুষ্ঠানের পূর্বে যোগাযোগ ও অনুষ্ঠানের দিন অনুষ্ঠান স্থলে নিয়ে আসার জন্য ১৯ ও ২০ ফেব্রুয়ারি ২০১৮ দুই দিনের জন্য শীতাতপ নিয়ন্ত্রিত ২১ টি মাইক্রোবাস (এসি) এবং অনুষ্ঠান আয়োজনের অন্যান্য কাজের জন্য (শীতাতপ নিয়ন্ত্রিত) ২টি মাইক্রোবাস ৪দিনের জন্য ভাড়া করার নিমিত্তে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিজ নিজ প্যাডে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে।

- ১। কোটেশন/দরপত্র আগামী ১৩-০২-২০১৮ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে ( ভবন নং-৬, কক্ষ নং-১০১৭, ১১ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) রক্ষিত দরপত্র বক্সে দরপত্রের উল্লিখিত শর্ত পূরণপূর্বক নির্দিষ্ট সময়ে দাখিল করতে হবে এবং ঐদিনই বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- ২। দরপত্র সরবরাহকারী কিংবা তাঁর বৈধ অনুমোদিত প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।
- ৩। একক দর (Unit Rate) ও মোট মূল্যের অসামঞ্জস্য পরিলক্ষিত হলে একক দরকে মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানকালে গ্রহণ করা হবে।
- ৪। কর্তৃপক্ষ সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল ও গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নন।
- ৫। মাইক্রোবাসের সংখ্যা কম/বেশি হতে পারে।
- ৬। কর্তৃপক্ষ সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল ও গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নয়।
- ৭। কোটেশনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে।
  - ক) কোটেশন প্রদানকারী প্রতিষ্ঠান অনুষ্ঠান শেষে বিল দাখিল করবেন।
  - খ) কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক গাড়ী চলাচলের নিশ্চয়তা প্রদান করতে হবে।
  - গ) মোটরযান ড্রাইভারের নিয়মিত নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
  - ঘ) কোটেশন দাখিলকারী প্রতিষ্ঠানের ভ্যাট/আয়কর ট্রেড লাইসেন্স পরিশোধের হালনাগাদ কাগজপত্র থাকতে হবে।

  
(টি এম মুছা তালুকদার)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৩৬০

### বিতরণঃ

- ১। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা, (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। গেইট নং-১ ও ২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বাংলাদেশ সচিবালয়ের লিফটের সম্মুখে (নিচতলা)।
- ৫। অফিস কপি।